# সহীহ শামায়েলে তিরমিযী

হাদিস নাম্বারঃ ২১৮

৪১. রাসূলুল্লাহ (ﷺ) এর দ্বোহার সালাত (باب صلاة الضحى)

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى ، قَالَ : حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ ، قَالَ : حَدَّثَنَا شُعْبَةُ ، عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى ، قَالَ : مَا أَخْبَرَنِي أَحَدٌ ، أَنَّهُ رَأَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي الضُّحَى إِلا أُمُّ هَانِئٍ ، فَإِنَّهَا حَدَّثَتْ " أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ , دَخَلَ بَيْتَهَا يَوْمَ فَتْحِ مَكَّةَ فَاغْتَسَلَ فَسَبَّحَ ثَمَانِيَ رَكَعَاتٍ مَا رَأَيْتُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ , صَلَّى صَلاةً قَطُّ أَخَفَّ مِنْهَا ، غَيْرَ أَنَّهُ كَانَ يُتِمُّ الرُّكُوعَ وَالسُّجُودَ " .

বাংলা

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কা বিজয়ের দিন ৮ রাক’আত চাশতের সালাত আদায় করেছিলেনঃ

২১৮. আবদুর রহমান ইবনে আবু লায়লা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একমাত্র উম্মে হানী (রাঃ) ছাড়া কেউই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে চাশতের সালাত আদায় করতে দেখেছেন বলে আমাকে বলেননি। উম্মে হানী (রাঃ) আমাকে বলেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কা বিজয়ের দিন আমার ঘরে আসেন এবং গোসল করে ৮ রাক’আত সালাত আদায় করেন। এর চেয়ে সংক্ষিপ্ত আকারে সালাত আদায় করতে আমি আর কখনো দেখিনি। অবশ্য তা সত্ত্বেও তিনি যথারীতি রুকূ-সিজদা আদায় করেছেন।[1]

## English

'Abdurrahmaan bin Abi Layla RA. (a Taabi'ee) reports: "None had given me the news that they had observed Rasulullah Sallallahu 'Alayhi Wasallam perform the salaatut duhah besides Ummi Haani. She said: Rasulullah Sallallahu 'Alayhi Wasallam came to her house, the day Makkah was conquered. He performed ghusl (bath), then performed eight rak'ahs. I did not observe Rasulullah Sallallahu 'Alayhi Wasallam perform any salaah shorter than these, despite him performing every ruku' and sajdah properly"'. (He did not perform the ruku' and saidah haphazardly because the salaah was short).

## ফুটনোট

[1] সহীহ বুখারী, হা/১১০৩; সহীহ মুসলিম, হা/১৭০০; ইবনে খুযাইমা, হা/১২৩৩; মুসনাদে আহমাদ, হা/২৬৯৪৫; শারহুস সুন্নাহ, হা/১০০০; দারেমী, হা/১৪৫২; বায়হাকী, হা/৪৬৮১।

## ব্যাখ্যা

আবদুর রহমান ইবনে আবু লায়লার উক্তি আমাকে উম্মু হানী (রাঃ) ছাড়া আর কেউ রাসূলুল্লাহ (সাঃ) -কে চাশতের সালাত আদায় করতে দেখেছেন বলে অবহিত করেননি- এর দ্বারা একথা প্রমাণিত হয় না যে, উম্মু হানী (রাঃ) ছাড়া অন্য কোন সাহাবী চাশতের সালাত সম্পর্কে জানতেন না। ইবনে জারীর (রহ.) বলেছেন, চাশতের সালাত সম্পর্কিত হাদীসসমূহ মুতাওয়াতির পর্যায়ভুক্ত। এটা হতে পারে যাদেরকে আবদুর রহমান ইবনে আবী লায়লা জিজ্ঞেস করেছেন, তাদের মাঝে উম্মু হানী (রাঃ) ছাড়া আর কেউ দেখেননি।

---

'Abdurrahmaan RA. saying that none besides Sayyiditina Ummi Haani Radiyallahu 'Anha narrated this hadith, does not necessarily mean that no other Sahaabi knew about this. In this chapter the narration of a few Sahaabah Radiyallahu 'Anhum are mentioned. Ibn Jareer RA. says: 'So many ahaadith have been narrated on salaatut duha that it reached the stage of tawaatur (unbroken chain of authentic narrators). It has already been stated that nineteen Sahaabah Radiyallahu 'Anhum narrated about this salaah. It may be that those people did not have information that from whom did 'Abdurrahmaan RA. investigate about this salaah. There is no perplexity in this. Some 'ulama are of the opinion that the salaah mentioned in the hadith under discussion, was not the salaatut duha, but a prayer of thanks on the conquering of Makkah. It was the practice of Sayyidina Rasulullah Sallallahu 'Alayhi Wasallam when an event of happiness occurred, to perform salaatus shukr (prayer of thanksgiving). It may also be possible that these eight rak'ahs included both the Salaatut duha and salaatus shukr.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন্স লিমিটেড

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=49132

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন